রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২১ সনের ১৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১৩, ২০২১

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৫৩—২৫৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩৭১—৩৮২ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৮৫—৫২৩ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ মাঘ ১৪২৭/০৯ ফেব্রুয়ারি ২০২১

**নং ০৩.০০.০০০১.০৮২.০২৮.০০৫.২০২১-১০৮**—Moheshkhali-Matarbari Integrated Infrastructure Development Initiative (MIDI) এর আওতাভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের কার্যক্রম সমন্বয় ও তদারকির জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের উপ-আঞ্চলিক সহযোগিতা সেল বিদ্যমান দায়িত্বের পাশাপাশি মুখ্য সমন্বয়ক (এসডিজি) এর তত্ত্বাবধানে মিডি সেল এর দায়িত্ব পালন করবে।

**মিডি সেল এর কার্যপরিধি:**

- মিডি সমন্বয় কমিটির সভা আয়োজন ও কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান;
- মিডিভুক্ত প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন, প্রকল্প প্রস্তাব সমন্বয়, প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও হালনাগাদ তথ্যসহ মিডি কমিটির নিকট প্রতিবেদন উপস্থাপন;
- অনলাইনভিত্তিক পরিবীক্ষণ সফটওয়ার প্রণয়ন ও তথ্য ভাণ্ডার ব্যবস্থাপনা;
- দৈনন্দিন কাজ ও দিক-নির্দেশনামূলক বিষয় মিডি কমিটির সভাপতি [মুখ্য সমন্বয়ক (এসডিজি)] এর নিকট তাৎক্ষণিক নির্দেশনার জন্য উপস্থাপন এবং বিভিন্ন মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন;
- প্রকল্প এলাকায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক Sector Develoment Plan (SDP) Integrated Develoment Plan (IDP) এবং মহাপরিকল্পনা (Master Plan) প্রণয়ন সংক্রান্ত কাজের অগ্রগতি তদারকি, সমন্বয় ও সহায়তা প্রদান;
- প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণ প্রস্তাবের ওভারল্যাপিং ইস্যুর সমন্বয় সাধন, অধিগ্রহণ, ক্ষতিপূরণ প্রদান ও ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন কাজের অগ্রগতি মনিটরিং;
- প্রয়োজনের নিরিখে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মিডি সেলে সংযুক্তিতে প্রয়োজনীয় জনবল (কর্মকর্তা, পরামর্শক) পদায়নের ব্যবস্থা গ্রহণ।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ওসমান গনি**

পরিচালক (প্রশাসন)।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

## জাতীয় রাজস্ব বোর্ড
**[শুল্ক]**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৯ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ/০২ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

**নং ০০৬/২০২১/শুল্ক/২৭**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যার হাউস প্রতিষ্ঠান মেসার্স ঢাকা ওয়্যার হাউজ লিঃ (বন্ড লাইসেন্স নং ০৭/এসবিডব্লিউ/ ১৯৮১, তারিখ: ১১-৪-১৯৮১ খ্রিঃ) এর ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করিল, যথা:

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | নির্ধারিত বার্ষিক আমদানি প্রাপ্যতার পরিমাণ |
|---|---|---|
| ০১। | মেসার্স ঢাকা ওয়্যার হাউজ লিঃ | মার্কিন ডলার ১২,২৫,০০০.০০ (বার লক্ষ পঁচিশ হাজার) |

২। জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং ৩০৭/২০১১/কাস, তারিখ: ২৪-০৫-২০১১ খ্রিঃ এতদ্বারা রহিত করা হইল।

**নং ০০৭/২০২১/শুল্ক/২৮**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যার হাউস প্রতিষ্ঠান মেসার্স এইচ কবির এন্ড কোং লিঃ (বন্ড লাইসেন্স নং ০৩/ পিবিডব্লিউ/১৯৭৮, তারিখ: ৩১-৮-১৯৭৮ খ্রিঃ) এর ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করিল, যথা:

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | নির্ধারিত বার্ষিক আমদানি প্রাপ্যতার পরিমাণ |
|---|---|---|
| ০১। | মেসার্স এইচ কবির এন্ড কোং লিঃ | মার্কিন ডলার ৯,১৫,০০০.০০ (নয় লক্ষ পনের হাজার) |

২। জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং ৩০৮/২০১১/কাস, তারিখ: ২৪-০৫-২০১১ খ্রিঃ এতদ্বারা রহিত করা হইল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মশিয়ার রহমান মন্ডল**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

## অর্থ মন্ত্রণালয়
## আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
## কেন্দ্রীয় ব্যাংক শাখা

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২০ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ/০৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০৩০.২০-৮০**—The Bangladesh House Building Finance Corporation Order, 1973 (P.O No. 7 of 1973) এর Article 7(1) এবং 8(1) এর বিধান অনুযায়ী উক্ত কর্পোরেশন এর পরিচালনা পর্ষদের পরিচালক জনাব তপন কুমার ঘোষ, সাবেক উপ-ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, ঢাকা কে তার বর্তমান নিয়োগের মেয়াদ সমাপনান্তে আরও ০২(দুই) বছরের জন্য পুনঃনিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০৩০.২০-৮১**—The Bangladesh House Building Finance Corporation Order, 1973 (P.O No. 7 of 1973) এবং Article 7(1) এবং 8(1) এর বিধান অনুযায়ী উক্ত কর্পোরেশন এর পরিচালনা পর্ষদের পরিচালক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, অধ্যাপক, মার্কেটিং বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কে তার বর্তমান নিয়োগের মেয়াদ সমাপনান্তে আরও ০২(দুই) বছরের জন্য পুনঃনিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ৭ ফেব্রুয়ারি ২০২১

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৮.১৭-৯২**—The Bangladesh Krishi Bank Order, 1973 এর Article 7 ও 8 এর বিধান অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব জনাব মৃত্যুঞ্জয় সাহা কে তার যোগদানের তারিখ হতে ০২(দুই) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৮ মাঘ ১৪২৭/ ১১ ফেব্রুয়ারি ২০২১

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২৬.১৭-১০০**—বীমা কর্পোরেশন আইন, ২০১৯ এর ৯(১)(খ) ধারা অনুযায়ী সাধারণ বীমা কর্পোরেশনের পরিচালনা পর্ষদে 'আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি' ক্যাটাগরিতে নিয়োগপ্রাপ্ত জনাব জাকিয়া সুলতানা এর স্থলে জনাব আবদুল্যাহ হারুন পাশা, অতিরিক্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কে উক্ত কর্পোরেশন এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে তার যোগদানের তারিখ থেকে ৩(তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৬

**আদেশ**

তারিখ : ৩০ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ/১৪ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-৩১/২০২০-০৫**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে মুন্সীগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব হাবিবা আক্তার, পিতা- মেজবাহ উদ্দিন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হইলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

## বিজ্ঞপ্তি

তারিখ : ১০ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ/ ২৪ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৯৫/সলিসিটর/৭৬-০৯**—মহামান্য রাষ্ট্রপতি The Bangladesh Law Officers Order, 1972 (P.O.No. 6 of 1972) এর ৩(২) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ সুপ্রীম কোর্টের আইনজীবী জনাব শেখ মোহাম্মদ মোরশেদ ও জনাব মোহাম্মদ মেহেদী হাসান চৌধুরী-কে বাংলাদেশের অতিরিক্ত অ্যাটর্নি-জেনারেল পদে নিয়োগ প্রদান করিলেন।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম সারওয়ার**
সচিব (দায়িত্বপ্রাপ্ত)।

---

## বিচার শাখা-৭

## আদেশ

তারিখ : ৭ ফেব্রুয়ারি ২০২১ খ্রি.

নং **বিচার-৭/২-এন-০৯/৮৮-২৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোহাম্মদ ফরিদ উদ্দিন, পিতা- মোহাম্মদ আব্দুর রহমান, মাতা- মোছাঃ আছিয়া খাতুন, গ্রাম+ পোঃ-জৈষ্ঠপুরা, উপজেলা-বোয়ালখালী, জেলা-চট্টগ্রাম।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার বোয়ালখালী উপজেলার ৮নং শ্রীপুর-খরনদ্বীপ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

## বিচার শাখা-৬

## আদেশ

তারিখ : ০৬ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ/২০ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

নং **আর-৬/৭এন-৩৩/২০২০-২৫**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে শরীয়তপুর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ নজরুল ইসলাম, পিতা মৃত মোঃ মিজানুর রহমান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হইলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

## বিচার শাখা-৭

## আদেশাবলি

তারিখ : ৭ ফেব্রুয়ারি ২০২১ খ্রি.

নং **বিচার-৭/২-এন-৮৫/২০১৩-২৬**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (অতিন কুমার মানী, পিতা- মৃত অরুন কুমার মানী, মাতা-অঞ্জলী রানী মানী, গ্রাম-উত্তর বাসুদেবপুর, ডাকঘর- বাংলাহিলি, উপজেলা-হাকিমপুর, জেলা-দিনাজপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ৮ ফেব্রুয়ারি ২০২১ খ্রি.

নং **বিচার-৭/২-এন-৬৬/২০১৩-২৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ কাইয়ুম মিয়া, পিতা- মোঃ হারুনূর রশিদ, মাতা- খোদেজা খাতুন, গ্রাম-দক্ষিণ বটেশ্বর, ডাকঘর- বটেশ্বর, উপজেলা- বেলাব, জেলা-নরসিংদী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নরসিংদী জেলার বেলাব উপজেলার ৫নং আমলাব ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ১৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রি.

নং **বিচার-৭/২-এন-৩৩/৯১-৩৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ আঃ হামিদ, পিতা-মোঃ মোতালেব মোল্যা, মাতা- খাদিজা বেগম, গ্রাম-প্রেমবাগ, ডাকঘর-চেঙ্গুটিয়া, উপজেলা- অভয়নগর, জেলা-যশোর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে যশোর জেলার অভয়নগর উপজেলার ১নং প্রেমবাগ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

**আদেশ**

তারিখ : ১১ নভেম্বর ২০২০ খ্রি.

নং **বিচার-৭/২-এন-৮৬/৭৫-২২৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (আব্দুল মোমিন, পিতা-মছদ্দর আলী, মাতা-আমিনা বেগম, গ্রাম-গদিয়ারচর, ডাকঘর- গোয়ালাবাজার, উপজেলা- ওসমানীনগর, জেলা-সিলেট।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিলেট জেলার ওসমানীনগর উপজেলার ৫নং গোয়ালাবাজার ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ারুল হক**
সিনিয়র সহকারী সচিব।

## বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
## পর্যটন-১ অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ মাঘ ১৪২৭/৩১ জানুয়ারি ২০২১

**নং ৩০.০০.০০০০.০১৫.১১.০০১.২০.৪৪/৪৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল) এর পরিচালনা পর্ষদের শূন্যপদে ভূমি মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ মোস্তাফিজুর রহমান পিএএ- কে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল) এর পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হইল।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শামীমা নাসরীন**
উপসচিব।